

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০১১.২০২২. ৪৯


তারিখ: ২৭ মার্চ ১৪২৯ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব জাকির হোসেন (১৬১৬২), সহকারী অধ্যাপক (ইংরেজি), যশোর সিটি কলেজ, যশোর এর বিরুদ্ধে সরকারি-বেসরকারি ব্যাংক থেকে ব্যক্তিগতভাবে লোন গ্রহণ ও ক্রেডিট কার্ডের মাধ্যমে টাকা উত্তোলন করে সময়মত তার কিস্তি পরিশোধ না করা, বিভিন্ন লোকের কাছ থেকে চাকুরি দেয়া ও এমপিওভুক্তির কথা বলে টাকা গ্রহণ করে কলেজের ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) “অসদাচরণ” এর অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


৩০/১/২৩
(সোলেমান খান)
সচিব

সংযুক্ত: অভিযোগবিবরণী।

স্থায়ী ঠিকানা:

জনাব জাকির হোসেন
পিতা: মো: নূর-ইসলাম
গ্রাম- হিজলদী
ডাকঘর: হিজলদী
থানা: কলারোয়া
জেলা: সাতক্ষীরা।

বর্তমান ঠিকানা:

জনাব জাকির হোসেন (১৬১৬২)
সহকারী অধ্যাপক (ইংরেজি), যশোর সরকারি সিটি কলেজ, যশোর।


অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব জাকির হোসেন (১৬১৬২), সহকারী অধ্যাপক (ইংরেজি), যশোর সিটি কলেজ, যশোর এর বিবুদ্ধে সরকারি-বেসরকারি ব্যাংক থেকে ব্যক্তিগতভাবে লোন গ্রহণ ও ক্রেডিট কার্ডের মাধ্যমে টাকা উত্তোলন করে সময়মত তার কিস্তি পরিশোধ না করা, বিভিন্ন লোকের কাছ থেকে চাকুরি দেয়া ও এমপিওভুক্তির কথা বলে টাকা গ্রহণ করে কলেজের ভাবমূর্তি ক্ষুন্ন করার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হয়েছে;

জনাব জাকির হোসেন (১৬১৬২), সহকারী অধ্যাপক (ইংরেজি), যশোর সিটি কলেজ, যশোর এর উক্তরূপ কার্যকলাপ আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) “অসদাচরণ” এর অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।


৩১/১/১৯
(সোলেমান খান)
সচিব